# বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট
## জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং: ১৬(০১)জাতী:বি:/আইবিএলবিএস/২০২২-২৩/৮২ তারিখ : ১১/৫/২০২২

# ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এমফিল লিডিং টু পিএইচডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইটঃ (www.nu.ac.bd/admissions)**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট-এর অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এমফিল লিডিং টু পিএইচডি প্রোগ্রামে পূর্ণকালীন গবেষক ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম ১৬ই মে বিকাল ৪টা থেকে শুরু করে ২০শে জুন ২০২২ তারিখ রাত ১২টার মধ্যে পূরণ করতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ২৩শে জুন ২০২২ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে। কলা, সামাজিক বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখা থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতিরাষ্ট্র গঠন প্রক্রিয়া, মহান মুক্তিযুদ্ধ, বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, শিক্ষা ও ফলিত বিজ্ঞানের সঙ্গে সংশ্লিষ্ট গবেষণা কর্মকে অগ্রাধিকার দেয়া হবে।

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলি

ক) আবেদনকারীকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫ অথবা সনাতন পদ্ধতিতে ৪৫% নম্বর পেতে হবে। এছাড়া প্রার্থীকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় আলাদাভাবে সিজিপিএ ২.৭৫ অথবা সনাতন পদ্ধতিতে ৫৫% নম্বর পেতে হবে।

খ) প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষাসহ শিক্ষা জীবনের সকল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

গ) মেধা এবং যোগ্যতার ভিত্তিতে নির্দিষ্টসংখ্যক গবেষক নির্ধারিত হারে ফেলোশিপপ্রাপ্ত হবেন। ফেলোশিপপ্রাপ্ত গবেষকগণের কোর্স চলাকালীন পূর্ণকালীন ছুটিতে থাকতে হবে।

ঘ) আবেদনকারীকে গবেষণার বিষয়বস্তুর ওপর সুনির্দিষ্ট একটি গবেষণা প্রস্তাবনা (Research Proposal) অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত গবেষণা প্রস্তাবনার ওপর প্রার্থীর মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে অধ্যয়নরত কোন প্রার্থী এ প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

চ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২। পিএইচডি প্রোগ্রামে স্থানান্তর:

এমফিল প্রোগ্রামে প্রথমবর্ষে তত্ত্বীয় ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনপক্ষে ৭০% নম্বর (সিজিপিএ ৩.৫০), গবেষণায় অগ্রগতি সন্তোষজনক এ মর্মে সুপারভাইজারের সুপারিশ এবং এমফিল কোর্সওয়ার্ক চলাকালীন স্বীকৃতমানের জার্নালে একটি গবেষণামূলক প্রকাশনা থাকলে গবেষক পিএইচডি প্রোগ্রামে স্থানান্তরের জন্য আবেদন করতে পারবে।

৩। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Master's Tab থেকে Apply Now (MPhil Leading to PhD) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য ও জন্ম তারিখ নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়াও আবেদনকারী প্রার্থীদের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষার মার্কশীটের সত্যায়িত কপি ও গবেষণা প্রস্তাবনা (Research Proposal) স্ক্যান করে আপলোড করতে হবে।

খ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb.

গ) কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant Log in সিলেক্ট করে MPhil Leading to PhD login অপশনে রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the OTP অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। তবে প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার পর প্রার্থী ফরম বাতিল করতে পারবে না। আবেদনকারী এ সুযোগ কেবলমাত্র একবারই পাবে।

ঘ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) Download Pay Slip অপশন থেকে পে-স্লিপ Print করে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

৪। পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড

ক) পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে। এ পর্যায়ে প্রার্থী তার রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login (MPhil Leading to PhD) অপশনে থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবে।

খ) অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও ফি প্রদান ব্যতিত কোন আবেদনকারীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয় হবে না।

## নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন

[অনলাইনে আবেদন করুন] → [পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন অথবা অনলাইন গেটওয়ে ব্যবহার করুন] → [পে-স্লিপটি সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিন। পে-স্লিপ অথবা অনলাইন গেটওয়ে এর মাধ্যমে ফি পরিশোধের পর আবেদনকারীকে তা এসএমএস মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং Applicant Login (MPhil Leading to PhD) অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।]

**৫। প্রাথমিক আবেদনের সময়সূচি**

| | | |
|---|---|---|
| ক) | অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ : | ১৬/০৫/২০২২ থেকে ২০/০৬/২০২২ |
| খ) | প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার তারিখ :<br>আবেদনকারী প্রতি ১,০০০/- (এক হাজার) টাকা হারে আবেদন ফি জমা দিতে হবে। Pay Slip-এ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট এমফিল লিডিং টু পিএইচডি খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-০২১৮৮০১০০৫৯৫৫ উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে। | ১৮/০৫/২০২২ থেকে ২১/০৬/২০২২ |
| গ) | অনলাইন থেকে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করে এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখঃ | ১৮/০৫/২০২২ থেকে ২৩/০৬/২০২২ |
| ঘ) | ভর্তি পরীক্ষার তারিখ :<br>(পরীক্ষার স্থান ও সময় পরবর্তীতে জানিয়ে দেয়া হবে) | ০১/০৭/২০২২ |

**এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মো. মনিরুজ্জামান)
পরিচালক ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর
বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট
বাড়ী নং- ৫৮, রোড নং-৮/এ, ধানমন্ডি আ/এ
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইল-০১৭৭৭-৭৮৯০৮৯
ই-মেইল: mz.shahin1971@gmail.com

স্মারক নং: ১৬(০১)জাতী:বি:/আইবিএলবিএস/২০২২-২৩/ তারিখ : --/০৫/২০২২

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান,জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয়বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও অনলাইনে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. পরিচালক, জনসংযোগ,তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ ও টেলিভিশন চ্যানেলে স্ক্রল আকারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. অফিস কপি